

ঢাকা ওয়াসা

নথী নং-৪৬.২১৩.৬২৬.০০.০০-০২৪.২০২৪;

বিষয়ঃ Procurement of motor cycle for operational staff of SKWP কাজের অনুমোদন প্রসঙ্গে।

- (১) ২০২৩-২৪ অর্থ বছরের সংশোধিত অনুমোদিত ক্রয়-পরিকল্পনার কপি।
- (২) সংগৃহীত কোটেশন।
- (৩) ক্যালকুলেশন শিট।
- (৪) প্রস্তাবিত কাজের প্রাক্কলন।

০১। সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিন্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৬ টি গভীর নলকূপ (বাকী ১ টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। অত্র প্লান্টের আওতাধীন প্রায় ২০ বর্গ কিলোমিটার এলাকায় বিদ্যমান ৪৬ পাম্প কম্পাউন্ডসহ ২টি আয়রন রিমুভাল প্লান্ট নিয়মিত পরিদর্শন, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজে টেকনিশিয়ানদের প্রতিনিয়ত বিভিন্ন সাইটে যেতে হয়। উল্লেখ্য যে, অনাকাঙ্ক্ষিত বৈদ্যুতিক এইচটি শাট ডাউন এবং প্রাকৃতিক দুর্যোগের সময় এইচটি বৈদ্যুতিক লাইন ক্ষতিগ্রস্ত হলে স্বল্পতম সময়ে সাইটে গিয়ে প্রয়োজনীয় মেরামত/রক্ষণাবেক্ষণ করে এইচটি লাইন সচল করে পাম্প সমূহ চালাতে হয়। অত্র এলাকার রাস্তাঘাট অধিকাংশ কাঁচা এবং সংকীর্ণ হওয়ায় গাড়ী নিয়ে সাইটে পৌঁছানো যায়না বা অনেক সময় লাগে। বর্তমানে অত্র প্লান্টের (IRP#1 & IRP#2) অপারেশন ও মেন্টেনেন্স কাজে ২টি পুরাতন মোটর সাইকেল আছে যা, বারবার মেরামত ও সার্ভিসিং করেও ভালো ফল পাওয়া যাচ্ছে না। মোটর সাইকেল দুটির বিভিন্ন ত্রুটির কারণে রাস্তায় প্রায়শই বন্ধ হয়ে যায়। ফলে পথিমধ্যে বিড়ম্বনার শিকার হতে হয় সর্বপরি অপারেশন ও রক্ষণাবেক্ষণ কাজে বিঘ্ন ঘটে। ঢাকা শহরের বৃহত্তর মিরপুর এলাকায় নিরবিচ্ছিন্নভাবে পানি সরবরাহের লক্ষ্যে IRP#1 ও IRP#2 এর অপারেশন ও পাম্প-মোটর, বৈদ্যুতিক এইচটি লাইনসহ যাবতীয় ইলেকট্রো-মেকানিক্যাল ত্রুটি দ্রুত মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য দুইটি নতুন মোটর সাইকেল জরুরী প্রয়োজন।

০২। মোটর সাইকেল সংগ্রহ কাজের জন্য বাজার দরের (ক্র:নং-০২) ভিত্তিতে সর্বমোট ৳২,৯৯,৬৯৭.৫০ (দুই লক্ষ নিরানব্বই হাজার ছয়শত সাতানব্বই দশমিক পাঁচ শূন্য) টাকার একটি প্রাক্কলন (ক্র:নং-০৩) প্রস্তুত করা হয়েছে। আলোচ্য সরবরাহ কাজটি সাকেওপা এর ২০২৩-২৪ ইং অর্থ বছরের সংশোধিত প্রাক্কলিত বাজেটের পরিচালন ব্যয় খাতের ক্র:নং-২৭ এর উপ-খাত “পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম) (কোড নং-০১-০৪-০১১)” ও ২০২৩-২৪ ইং অর্থ বছরের সংশোধিত অনুমোদিত ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-১২৯ (G78) হতে নির্বাহ করা হবে (সংযুক্তি-১)।

০৩। এমতাবস্থায়, অনুচ্ছেদ: ১.০ হতে ১.১ পর্যন্ত বিস্তারিত বর্ণনার আলোকে “Procurement of motor cycle for operational staff of SKWP.” শীর্ষক কাজটি সম্পাদনের নিমিত্তে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) বর্ণিত কাজের জন্য সর্বমোট ৳২,৯৯,৬৯৭.৫০ (দুই লক্ষ নিরানব্বই হাজার ছয়শত সাতানব্বই দশমিক পাঁচ শূন্য) টাকার প্রাক্কলন অনুমোদন;

খ) পিপিআর-২০০৮ এর বিধি ৭৬(১)(ট) অনুযায়ী অভিজ্ঞ ঠিকাদার প্রতিষ্ঠান “M/S F.B Enterprise” এর সহিত সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM) সম্পাদনের অনুমোদন এবং

গ) আলোচ্য কাজের ব্যয়ভার অত্র বিভাগের ২০২৩-২৪ খ্রিঃ অর্থ-বছরের সংশোধিত প্রাক্কলিত বাজেট বরাদ্দের পরিচালন খাতের ক্র:নং-২৭ এর উপ-খাত “পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম) (কোড নং-০১-০৪-০১১)” ও ২০২৩-২৪ ইং অর্থ বছরের সংশোধিত অনুমোদিত ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-১২৯ (G78) হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লিখিত প্রস্তাবসমূহ অনুমোদনের জন্য সদয় উপস্থাপন করা হলো।

সুদীপ্ত কুমার ঘোষ
উপ-সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিন্ড প্লান্ট
ঢাকা ওয়াসা।

জাফর ইকবাল চৌধুরী
সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিন্ড প্লান্ট, ঢাকা ওয়াসা

মাসুদুল হাসান
নিবাহী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিন্ড প্লান্ট, ঢাকা ওয়াসা

SE, WSTP Circle

08/ Approved.

06/06/2024
মিজী গোলাম কিবরিয়া
উপ-সহকারী প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

06/06
মাসুদুল হাসান
নিবাহী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিন্ড প্লান্ট, ঢাকা ওয়াসা

XED (SKWP)

05/ 06/06/2024